ঝিনাইদহে ছাত্র-ছাত্রীদের মাঝে ফলজ বৃক্ষের চারা বিতরণ

ঝিনাইদহের ডেফলবাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের ২শত জন ছাত্র -ছাত্রীদের মাঝে ফলজ বৃক্ষেও চারা বিতরণ করা হয়েছে।

সোমবার (২১ সেপ্টেম্বর) সকালে এই চারা বিতরণ করা হয়। দেশের জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলা ও প্রাকৃতিক সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে সোমবার সকালে শেল্টার সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে ফলজ বৃক্ষের চারা বিতরণ করা হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুল হাই সিদ্দিকী। আরও উপস্থিত ছিলেন ডেফলবাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শাহিনুর আক্তার, সহকারী শিক্ষক রকিবুজ্জামান,আনোয়ার হোসেন, ইউসুফ আলী, সুজন কুমার, হাফিজুর রহমান, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার শাহীন আলম।

সেসময় প্রধান অতিথি আব্দুল হাই সিদ্দিকী ২শতাধিক ছাত্র-ছাত্রীদের মাঝে আম কাঠাল ও জাম ফলের চারা বিতরণ করেন।

মেহেরপুরে এনসিপির চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার ও চারা বিতরণ

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে মেহেরপুরে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। প্রতিযোগিতা শেষে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও অংশগ্রহণকারীদের মধ্যে গাছের চারা বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (১১ আগস্ট) বিকেলে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মেহেরপুর জেলা কার্যালয়ে বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেওয়া হয়।

মেহেরপুর কালেক্টরেট স্কুলে বৃক্ষ রোপণ ও চারা বিতরণ

মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে বৃক্ষ রোপণ ও বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকালে স্কুল কর্তৃপক্ষের আয়োজনে ছাত্র-ছাত্রীদের মাঝে চারা বিতরণ করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানি রায়। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রার্থ প্রীতম শীল এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মিসেস রেহানা ইয়াসমিন, সহকারী শিক্ষক খন্দকার বদরুদ্দোজা (শান্ত), শিক্ষিকা সেলিনা আফরোজা, নাজমা আক্তার, ফাতেমা খাতুন, শাহানা আক্তার, বিথী খাতুন, শাহিনা আফরোজ, রওশন আরা সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ।

এই কর্মসূচির মাধ্যমে পরিবেশ সুরক্ষা ও সবুজায়নের প্রতি ছাত্র-ছাত্রীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গাছের চারা বিতরণ করা হয়। অনুষ্ঠানে বক্তারা পরিবেশ রক্ষায় বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরেন এবং সকলকে নিজ নিজ স্থানে গাছ লাগানোর আহ্বান জানান।

মেহেরপুরে ৩ শতাধিক শিক্ষার্থীর মাঝে বসুন্ধরা

শুভসংঘের গাছের চারা বিতরণ

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ডেঙ্গুর বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট বিতরণ এবং তিন শতাধিক শিক্ষার্থীর মাঝে ফলদ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়েছে।

সোমবার বেলা ১টার দিকে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে উৎসবমুখর পরিবেশে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বসুন্ধরা শুভসংঘ, মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম বকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবুল কাশেম, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, বসুন্ধরা শুভসংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের জেলা প্রতিনিধি মো. ইয়াদুল মোমিন প্রমুখ।

বসুন্ধরা শুভসংঘ, মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম বকুল বলেন, একটি গাছ শুধু পরিবেশ রক্ষা করে না, এটি মানুষের জীবন ও ভবিষ্যতের নিরাপত্তাও নিশ্চিত করে। বসুন্ধরা শুভসংঘ সবসময় পরিবেশ সংরক্ষণ ও সামাজিক সচেতনতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে। শিক্ষার্থীদের হাতে একটি করে গাছ তুলে দিয়ে আমরা সবুজ বাংলাদেশ গড়ার প্রত্যয়কে আরও শক্তিশালী করতে চাই।

জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, ডেঙ্গু প্রতিরোধে যেমন জনসচেতনতা জরুরি, তেমনি পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের ছোটবেলা থেকেই পরিবেশ রক্ষায় উদ্বুদ্ধ করতে এ ধরনের উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

বসুন্ধরা শুভসংঘের উপদেষ্টা মো. ইয়াদুল মোমিন বলেন, বসুন্ধরা শুভসংঘ শুধু গাছের চারা বিতরণই করছে না, বরং নতুন প্রজন্মের মধ্যে পরিবেশ, মানবিকতা ও সামাজিক দায়বদ্ধতার বীজও বপন করছে। প্রত্যেকে যদি একটি করে গাছ রোপণ ও পরিচর্যার দায়িত্ব নেয়, তাহলে আগামী দিনের বাংলাদেশ আরও সবুজ ও বাসযোগ্য হবে। বসুন্ধরা শুভসংঘের কার্যক্রম শুধু গাছের চারা বিতরণের মধ্যেই সীমাবদ্ধ নয়। সংগঠনটি নিয়মিত দুস্থদের মাঝে সেলাই মেশিন, কম্বল ও আর্থিক সহায়তা প্রদানসহ বিভিন্ন সামাজিক ও মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছে।

এ সময় উপস্থিত ছিলেন সাংবাদিক এম. এ বাশার, কামরুল ইসলাম, বসুন্ধরা শুভসংঘ, মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক সৈয়দ মাহফুজুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মো. সাজিদ ইসলাম ও মো. আসাদুজ্জামান রাজু, সাংগঠনিক সম্পাদক মুনতাসির মাহামুদ, দপ্তর সম্পাদক রাফি হাসান, নারী বিষয়ক সম্পাদক মোছা. মৌসুমী খাতুন, কার্যনির্বাহী সদস্য অনিক ইসলাম, মোস্তফা জাবাল, উম্মে মুবাশ্বারা ইসলাম মুনিয়া, মো. সাকিব শেখসহ সংগঠনের অন্যান্য সদস্যরা।

বক্তারা বলেন, জলবায়ু পরিবর্তনের ভয়াবহ প্রভাব থেকে পৃথিবীকে রক্ষা করতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। আজকের শিশুরাই আগামী দিনের পৃথিবীর অভিভাবক। তাদের হাতে একটি গাছ তুলে দেওয়ার অর্থ একটি সবুজ ভবিষ্যতের বীজ বপন করা।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

স্থানীয় মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র (মউক), কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরামের আয়োজনে সোমবার সকাল ১০টার দিকে বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠানে দুই হাজার ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।

ইসলামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে আয়োজিত অনুষ্ঠানে এক সংক্ষিপ্ত আলোচনায় বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ নুরুন্নাহার, ইসলামনগর হোসাইনীয়া দাখিল মাদরাসার সুপার মাওলানা আবুল কালাম, মউক-এর সিনিয়র ম্যানেজার সাদ আহমদ, প্রোগ্রাম ম্যানেজার কাজল রখো, ওয়াচ সদস্য রুহুল আমিন ও আবু তাহের।

অনুষ্ঠানে ইসলামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ইসলামনগর দাখিল

মাদরাসা, ইসলামনগর নুরানি মাদরাসা ও খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চারা বিতরণ করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা।